ফেব্রুয়ারি 2020

প্রিয় পরিবারবর্গ:

সম্প্রতি বিশ্বজুড়ে, প্রাথমিকভাবে চীন দেশে, হাজার হাজার মানুষের দেহে একটি নভেল (নতুন) করোনাভাইরাস সনাক্ত হয়েছে। মানবদেকে অতীতে দেখা যায়নি, এমন একটি ব্যাধি "নভেল করোনাভাইরাস"। নভেল করোনা ভাইরাস থেকে জ্বর, কাঁশি, বা শ্বাসকষ্টের সূত্রপাত হতে পারে।

সিটি খুব গভীর মনোযোগের সাথে এটির বিস্তারের প্রতি দৃষ্টি রেখেছে এবং সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC)-এ আমাদের সহযোগীদের সাথে কাজ করছে। এই মুহূর্তে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) স্কুলের স্পন্সর করা কোন সফর অনুমোদন করছে না। স্থানীয় সফরগুলো পরিকল্পনা অনুযায়ী চলবে।

অনুগ্রহ করে নিশ্চিত থাকবেন যে, ভীতির কারণ নেই এবং প্রাত্যহিক রুটিনে কোনোভাবে পরিবর্তনের প্রয়োজন নেই। সিটি পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে, এবং সাধারণ ঠাণ্ডা-লাগা ও ফ্লু মওশুমে যে সতর্কতা অবলম্বন করতে হয়, সকল নিউ ইয়র্কবাসীকে সেই একই সতর্কতা অবলম্বন করতে পরামর্শ দেওয়া হচ্ছে। দয়া করে নিচের সুপারিশসমূহ দেখুন:

শিক্ষার্থী ও স্টাফদের যারা সম্প্রতি চায়না সফর করেননি:

সবাইকে নিজেদের প্রাত্যহিক এবং ভীতিহীন জীবনযাত্রা চালিয়ে যেতে হবে, তবে ঠাণ্ডা-লাগা ও ফ্লু মওশুমে নিচে উল্লিখিত যে সতর্কতা অবলম্বন করেন, সেসব সতর্কতা অবলম্বন করবেন:

- ইতোমধ্যে প্রতিষেধক না নিয়ে থাকলে আপনার ফ্লু শট নিয়ে নিন।
- হাঁচি বা কাঁশির সময় আপনার মুখ ও নাক টিস্যু বা হাতের কনুই দিয়ে (হাত দিয়ে নয়) ঢেকে রাখবেন।
- সাবান এবং পানি দিয়ে ঘন ঘন হাত ধোবেন সাবান এবং পানি পাওয়া না গলে কোনো অ্যালকহোল-মেশানো হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার
- জ্বর থাকলে বা অসুস্থ বোধ করলে আপনি ঘরে অবস্থান করবেন।

কোনো কোনো শিক্ষার্থী মুখে মাস্ক পরে আসতে পারে। সৃস্থ ব্যক্তিদের জন্য CDC মুখের মাস্ক পরে আসা সুপারিশ করেনি। তবে এটা অনুমোদিত। যদি মুখের মাস্ক ক্লাসরুমে বা স্কুল কমিউনিটিতে বিঘ্নের সৃষ্টি করে, স্কুলের স্টাফ শিক্ষার্থীকে তা খুলে ফেলতে বলতে পারেন।

শিক্ষার্থী ও স্টাফদের যারা সম্প্রতি চায়না সফর করেছেন:

যেসব ব্যক্তি 2 ফেব্রুয়ারি, 2020 তারিখ 5pm EST-এর পর চায়না ভ্রমণ করেছেন, ফেডারেল সরকার তাদের জন্য (চায়নার সফরকৃত এলাকাভেদে) বাধ্যতামূলক 14 দিনের বিচ্ছিন্নকরণ (quarantine) আদেশ জারি করেছেন। অর্থাৎ এসব ব্যক্তি চায়না ত্যাগের পরবর্তী 14 দিন পর্যন্ত কাজে বা স্কুল যোগদান করতে পারবেন না।

শিক্ষার্থী ও স্টাফগণ যারা 2 ফেব্রুয়ারি, 2020 তারিখ 5pm EST-এর পর চায়না ত্যাগ করেছেন এবং যাদের অসুস্থতার কোন লক্ষণ নেই, তারা অবিলম্বে স্কুলে ফিরতে পারবেন।

বিগত দুই সপ্তাহের মধ্যে যারা চায়না ত্যাগ করেছেন এবং যাদের জ্বর বা কাশি বা শ্বাসকষ্ট আছে, তাদেরকে তাদের চিকিৎসা প্রদানকারীকে ফোন করতে হবে এবং তাদের অসুস্থতার লক্ষণ ও চায়না ভ্রমণের কথা জানাতে হবে। কোন ডাক্তার পরীক্ষা না করলে এবং সুস্থ বলে ঘোষণা না দিলে, তারা স্কলে আসতে পারবেন না।

বিশ্বের সেরা গণ-চিকিৎসা-ব্যবস্থাসম্পন্ন এই নিউ ইয়র্ক সিটি যে কোনো সনাক্তকৃত করোনাভাইরাস সংক্রমণ মোকাবেলার জন্য প্রস্তুত। আমরা সকল নিউ ইয়র্কবাসীদের সতর্ক থাকতে পরামর্শ দিচ্ছি এবং যদি আপনার বা আপনার পরিচিত কারো মাঝে লক্ষণগুলোর সাথে মিল দেখেন বা সম্প্রতি কেউ চায়নাতে সংক্রমিত এলাকা ভ্রমণ করেছেন বলে জানেন, অনুগ্রহ করে পেশাদার চিকিৎসকের শরণাপন্ন হবেন।

আরও তথ্যের জন্য nyc.gov/health/coronavirus ওয়েবসাইট দেখুন।

বিনীত,

অক্সিরিস বারবো (Oxiris Barbot), MD

কমিশনার

নিউ ইয়ৰ্ক সিটি ডিপাৰ্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন

T&I 30962 Coronavirus Backpack Letter_ 020320 (Bangla/Bengali)